

ভ্রমণিকা অ্যাপ: হাতের মুঠোয় পুরো কক্সবাজার

- A Monitor Desk Report

Date: 05 January, 2025



কক্সবাজার : পর্যটন নগরী কক্সবাজারের পর্যটন সংশ্লিষ্ট সব ধরনের সেবা হাতের মুঠোয় আনতে চালু হয়েছে 'ভ্রমণিকা' নামে একটি অ্যাপ। কক্সবাজারে পর্যটকদের পারসোনাল ট্রাভেল গাইড হিসেবে কাজ করবে এই অ্যাপ। একই সঙ্গে দেশ-বিদেশের যেকোনো স্থানের পর্যটক এই অ্যাপের মাধ্যমে পর্যটন নগরীকে জানতে পারবেন।

পর্যটকদের সেবায় অ্যাপটি চালু করে কক্সবাজার জেলা প্রশাসন।

জেলা প্রশাসন সূত্র জানায়, ভ্রমণিকা অ্যাপের মাধ্যমে কক্সবাজারে বেড়াতে আসা পর্যটকরা সব ধরনের সেবা সম্পর্কিত তথ্য পাবেন। একই সঙ্গে অ্যাপটির মাধ্যমে কক্সবাজারের দর্শনীয় স্থান, ব্যাংক—এটিএম বুথের তথ্য, টিকিট কাউন্টার, হোটেল-রিসোর্টের ঠিকানা, ট্যুরিস্ট বাসের তথ্য, আবহাওয়ার পূর্বাভাস, কিটকট চেয়ার, লকার সার্ভিসের তথ্য, জরুরি সেবা ও ঘোষণা দেওয়া আছে। এসবের পাশে যোগাযোগের নম্বর ও ঠিকানা দেওয়া রয়েছে। ফলে সহজেই আগে থেকে সব বুক করেই পর্যটকরা কক্সবাজার ভ্রমণে আসতে পারবেন।

কক্সবাজার জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নিজাম উদ্দিন বলেন, কক্সবাজারে প্রতিদিন লাখো পর্যটক আসেন। অনেকেই পর্যটন স্পটগুলো সম্পর্কে ধারণা না থাকায় বিভিন্নভাবেই হয়রানির শিকার হন। এসব হয়রানি থেকে পর্যটকদের রক্ষা করবে ভ্রমণিকা অ্যাপ। অ্যাপটির মাধ্যমে কক্সবাজারে বেড়াতে আসা পর্যটকরা সব ধরনের সেবা সম্পর্কিত তথ্য পাবেন। একই সঙ্গে অ্যাপটির মাধ্যমে কক্সবাজারে দর্শনীয় স্থান, ব্যাংক—এটিএম বুথের তথ্য, টিকিট কাউন্টার, হোটেল—রিসোর্টের ঠিকানা, ট্যুরিস্ট বাসের তথ্য, আবহাওয়ার পূর্বাভাস, কিটকট চেয়ার, লকার সার্ভিসের তথ্য, জরুরি সেবা ও ঘোষণা দেওয়া আছে। প্রতিটির পাশে যোগাযোগের নম্বর ও ঠিকানা দেওয়া রয়েছে। ফলে সহজেই আগে থেকে সব বুক করেই পর্যটকরা কক্সবাজার ভ্রমণ করতে পারবেন।

কক্সবাজারের জেলা প্রশাসক মোহাম্মদ সালাহউদ্দিন বলেন, প্রতি বছর কক্সবাজারে লাখো পর্যটকের সমাগম হয় কক্সবাজারে। বিশেষ দিন ও সপ্তাহিক ছুটিতে পর্যটকের ভিড় বাড়ে। এ সময় পর্যটকরা হোটেল রেস্টোরাঁ ও যানবাহন নিয়ে বিড়ম্বনা ও হয়রানি পড়তে হয়। সবকিছু বিবেচনা

করে আমরা ভ্রমণিকা নামে একটি অ্যাপ চালু করেছি। আশা করি, এর মাধ্যমে পর্যটকদের সব সমস্যা সমাধান হয়ে যাবে।

ট্যুর অপারেটরস অ্যাসোসিয়েশন অব কক্সবাজার (টুয়াক) উপদেষ্টা আনোয়ার কামাল বলেন, ভ্রমণিকা নামে জেলা প্রশাসন যে অ্যাপ চালু করেছে, এটির মাধ্যমে পর্যটকরা সেবা পাবেন। এই অ্যাপ কক্সবাজারে বেড়াতে আসা পর্যটকদের পারসোনাল ট্রাভেল গাইড হিসেবে কাজ করবে। পর্যটন বিকাশে সহয়তা করবে এই ভ্রমণিকা অ্যাপ।

-B